বিনিয়োগ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
কুমিল্লা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
পুরাতন বিমান বন্দর এলাকা, কুমিল্লা-৩৫০০
(www.bepza.gov.bd)

সূত্র নং-০৩.০৬.১৯৩৩.৩৩৩.১৮.৪০৭.১৮-২৮২

তারিখ: ২৪ আগস্ট ২০২৬ খ্রি:

# নিলাম বিজ্ঞপ্তি

কুমিল্লা ইপিজেডস্থ বন্ধ হয়ে যাওয়া Readymade Garments (RMG) প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান **M/s. Nassa Spinners and Garments Ltd.**, প্লট নং-১৯৭-১৯৯ ও ২০০ (পার্ট) - ২০৮ (পার্ট), কুমিল্লা ইপিজেড এর ইনভেন্টরীকৃত ও মূল্য নিরূপনকৃত স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রয় অথবা পরিচালনার লক্ষ্যে আগ্রহী দেশী/বিদেশী ক্রেতা/কোম্পানীসমূহের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্ত ও নিয়মাবলী :

১) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ইপিজেডস্থ কোম্পানী (দেশী/যৌথ বিনিয়োগ/বিদেশী) অথবা ইপিজেডের বাহিরে অবস্থিত যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান উক্ত কোম্পানীর স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ক্রয়ের উদ্দেশ্যে নিলামে প্রচলিত বিধি মোতাবেক অংশগ্রহণ করতে পারবে;

২) শিল্প প্রতিষ্ঠানটির বিদ্যমান মালামালসমূহের মধ্যে যে সকল মালামাল শুল্কমুক্তভাবে আমদানি করা হয়েছে সে সকল মালামাল ইপিজেডের বাহিরে শুল্ক এলাকায় ব্যবহারের ক্ষেত্রে সফল দরদাতা নিয়মানুযায়ী ভ্যাট, ট্যাক্স ও প্রদেয় কাস্টমস শুল্ক পরিশোধ করবেন;

৩) বেপজার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ উদ্ধৃত মূল্যের ১৫% সমপরিমান অর্থ (সফল দরদাতার জন্য অফেরৎ যোগ্য এবং অসফল দরদাতার জন্য ফেরৎ যোগ্য) একটি মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/এফডিডি অথবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন মাধ্যমে দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করে জমা দিতে হবে। জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গণ্য হবে;

৪) আগামী **২৭-৩০ সেপ্টেম্বর ২০২৬** তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত কোম্পানীর ইনভেন্টরীকৃত স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে এবং মালামাল পরিদর্শন ও মালামালের তালিকার বিষয়ে কুমিল্লা ইপিজেডের নির্বাহী পরিচালক এর সহিত সরাসরি যোগাযোগ করে জানা যাবে;

৫) কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হলে ১৫ দিনের মধ্যে সফল দরদাতাকে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থের উপর প্রযোজ্য আয়কর ও ভ্যাটসহ অবশিষ্ট ৮৫% বেপজা বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/এফডিডি অথবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন মাধ্যমে পরিশোধ করতে হবে এবং বেপজা ও কাস্টমস কর্তৃপক্ষের নিয়মানুযায়ী স্থাপনা, যন্ত্রপাতি ও অন্যান্য মালামালসমূহ ডেলিভারী নিতে হবে;

৬) দরপত্র আগামী **৩০ সেপ্টেম্বর ২০২৬** তারিখ পর্যন্ত হিসাব শাখা, কুমিল্লা ইপিজেড, চট্টগ্রাম ইপিজেড, ঢাকা ইপিজেড, আদমজি ইপিজেড, কর্ণফুলী ইপিজেড, মোংলা ইপিজেড, ঈশ্বরদী ইপিজেড, উত্তরা ইপিজেড, বেপজা অর্থনৈতিক অঞ্চল-১, বেপজা অর্থনৈতিক অঞ্চল-২ এবং বেপজা নির্বাহী দপ্তরের হিসাব শাখা হতে অফিস চলাকালীন সময়ে ৫,০০০.০০ টাকার (অফেরৎ যোগ্য) বিনিময়ে ক্রয় করা যাবে;

৭) দরপত্রসমূহ আগামী **০৮ অক্টোবর ২০২৬** তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নির্বাহী পরিচালক, কুমিল্লা ইপিজেড এর দপ্তরে রক্ষিত টেন্ডারবাক্সে জমা দেয়া যাবে এবং দাখিলকৃত দরপত্রসমূহ একই তারিখে দুপুর ১২:৩০ ঘটিকায় নির্বাহী পরিচালক, কুমিল্লা ইপিজেডের দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) উন্মুক্ত করা হবে। নিলাম দরপত্রের সাথে হালনাগাদ ভ্যাট, টিআইএন এবং ট্রেড লাইসেন্সের কপি সংযুক্ত করতে হবে; তবে ইপিজেডে বিনিয়োগে আগ্রহী সম্পূর্ণ নতুন শতভাগ বিদেশি মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য;

৮) বন্ধ শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনায় আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/বিনিয়োগকারীর নিকট নিলামে বিক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

৯) প্রযোজ্য ক্ষেত্রে সফল দরদাতাকে বিধি মোতাবেক বেপজার প্রকল্প অনুমোদন প্রক্রিয়া অনুসরণপূর্বক ইপিজেডে শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনার অনুমতি গ্রহণ করতে হবে;

১০) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা সকল দরপত্র বাতিল করা ছাড়াও দরপত্র প্রত্যাশা অনুযায়ী পাওয়া না গেলে তা বাতিল করত: পরবর্তী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

স্বা/-
(মুহাম্মদ শফিকুল ইসলাম)
নির্বাহী পরিচালক
ফোন: ০২৩৩৪৪০০০৫৫
ই-মেইল: ed.cumepz@bepza.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য ঃ

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, বিপিপিএ ভবন, পরিকল্পনা মন্ত্রনালয়, ব্লক-১২, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা। [নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি বিপিপিএ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল]
২. কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২ এম এম আলী, রোড, লালখান বাজার, চট্টগ্রাম।
৩. নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা। [আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি দুইটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক-(একটি ইংরেজী, একটি বাংলা) ও একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হল এবং ১০ কপি বাংলা ও ইংরেজী মূল বিজ্ঞপ্তি সংযুক্ত করা হল]
৪. নির্বাহী পরিচালক (এম আই এস), বেপজা, ঢাকা। [নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি বেপজা এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল]
৫. নির্বাহী পরিচালক (বিউ), বেপজা, ঢাকা।
৬. প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, বেপজা, ঢাকা এবং নির্বাহী পরিচালক, সকল ইপিজেড।[দরপত্র বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৭. অতিরিক্ত নির্বাহী পরিচালক/পরিচালক/উপপরিচালক (ক: অ:/শি: স:/ হিসাব ও অর্থ/প্রশাসন), কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।
৮. একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
৯. নির্বাহী প্রকৌশলী (পুর/বিদ্যুৎ), কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।
১০. নথি/মহানথি।

28/08/2026
নির্বাহী পরিচালক